গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৮ – জুন ৩০, ২০১৯

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন -১: রূপকল্প , অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী | ৫ |
| সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৮ |
| সংযোজনী-১: শব্দ সংক্ষেপ | ১০ |
| সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী-৩ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে ২০১৮ সালের মে মাসের ৩১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল।

**এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:**

## ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of Expansion of Processing and Marketing Activities of Freshcut Vegetables & Fruits Programme.)**

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

- **সাম্প্রতিক বছর সমূহের প্রধান অর্জনসমূহ**

ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল সংরক্ষন ব্যবস্থায় উন্নয়ন, বাজার সংযোগ স্থাপন ও রপ্তানী বাজারে প্রবেশাধিকারের মাধ্যমে শাকসবজি ও ফলমূলের উপযুক্ত মুল্য প্রাপ্তিতে দেশের কৃষকগনকে সহায়তা প্রদানের লক্ষ্যে ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ শীর্ষক কর্মসূচিটি বাস্তবায়িত হচ্ছে। কৃষক, ব্যবসায়ী, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা পর্যায়ে প্রক্রিয়াজাতকারী ও সংরক্ষনের মুনাফা সৃষ্টির লক্ষ্যে কর্মসূচির আওতাভূক্ত পাঁচটি জেলা যথা ঢাকা, নরসিংদী, কুমিল্লা, খুলনা ও রংপুর প্রতি জেলায় ২০টি করে মোট ১০০টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে। গ্রুপভূক্ত কৃষকদের সমন্বয়ে ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরন প্যাকেজিং ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে এ পর্যন্ত ৫১ ব্যাচের (মোট ১৫৫০ জন) প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে ১ ব্যাচ (২৫জনের) TOT প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ফ্রেশকাট শাকসবজি ও ফলমূলের ব্যবহার ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৮টি খাদ্য প্রদর্শনী ষ্টল ও ১০ টি মোটিবেশনাল ট্যুর সম্পন্ন করা হয়েছে। গ্রুপভূক্ত কৃষকদের বাজার সংযোগ সুবিধা প্রদানের নিমিত্ত ১০টি কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান বিতরন করা হয়েছে। এ ছাড়া প্রচার প্রচারনার নিমিত্ত ১২,৫০০ ফোল্ডার, ১০,০০০ পোষ্টার, ১৫,০০০ হ্যাংগিং ম্যাটারিয়েল, ৫০০০ ষ্টিকার ও ৩৩০ টি ডাইরী মূদ্রণ ও বিতরণ করা হয়েছে।

- **বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

জেলা অফিসের স্বল্প সংখ্যক জনবল দ্বারা জেলা পর্যায়ে কৃষক বিপণন দল গঠন ও কর্মসুচি কর্তৃক সংগৃহিত কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান দিয়ে ফ্রেশকাট শাকসবজি বিক্রয় ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে নিয়মিত প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা সম্ভব হয়ে উঠেনা। এমন কি কৃষক বিপণন দলের সাথে প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান, রপ্তানীকারক ও ব্যবসায়ীদের সাথে যোগসূত্র স্থাপনের কাজ ব্যাহত হয়। এ-ছাড়া যানবাহন সমস্যার কারণে কর্মসূচীর সার্বিক কার্যক্রম মনিটরিং করা অনেকটা কষ্টসাধ্য ব্যাপার।

- **ভবিষ্যৎ কর্মপরিকল্পনা**

বর্তমানে রাজধানীসহ বড় বড় শহরগুলোতে ব্যাপক হারে কর্মসংস্থানের পাশাপাশি কর্মমূখী মানুষের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের মানুষও ব্যাপক হারে আধুনিক বিপণন ব্যবস্থার প্রতি আকৃষ্ট হচ্ছে। পরিবারের কর্মব্যস্ত মানুষের পক্ষে প্রতিদিন বাজার থেকে কৃষি পণ্য ক্রয় ও প্রক্রিয়াজাত করে আহার উপযোগী করা সম্ভব হয়ে ওঠছে না। তাই সকলেই হাতের নাগালের মধ্যে সহজলভ্য ও প্রস্তুতকৃত পণ্য ক্রয়ে বেশী আগ্রহী হয়ে উঠেছে। প্রক্রিয়াজাতকৃত ও প্যাকেজিংকৃত ফ্রেশকাট শাকসবজি সঠিকভাবে বাজারজাতকরণ করা হলে তা একদিকে কৃষকের আয় বৃদ্ধিতে সহায়ক হতে পারে। অন্যদিকে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ প্রেক্ষিতে কর্মসূচির মাধ্যমে বিপণনের বিভিন্ন স্তরে সহায়তা প্রদান করে কৃষকের উৎপাদিত পণ্যের একটা সুন্দর ও সুসংগঠিত বিপণন ব্যবস্থা গড়ে তোলা এবং কৃষকের পণ্যের যৌক্তিক মূল্য পাওয়ার বিষয়ে কর্মসূচির কার্যক্রম জোরদার করা হবে।

### ২০১৮-১৯ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- কর্মসূচীর কার্যক্রম বাস্তবায়নে বিষয়ে ১৬টি প্রতিবেদন প্রকাশ করা।
- কৃষক বিপণন দলের ১৫০ জন সদস্যকে এবং বিপণন দলের প্রতিনিধি, ব্যবসায়ী, সুপারশপ প্রতিনিধির সমন্বয়ে ২৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা;
- কর্মসুচির ষ্টেকহোল্ডার ও অন্যান্য সরকারি বেসরকারি সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ০১টি জাতীয় সেমিনার আয়োজন করা;
- উদ্বুদ্ধকরণ কার্যক্রমের অংশ হিসেবে কর্মসূচির আওতাভূক্ত সুবিধাভোগী ও সাধারণ জনসাধারণের মাঝে ৫০০০ পোষ্টার ও ৩৩০ টি ডাইরী বিতরণ করা;
- ১০টি কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান এর মাধ্যমে ফ্রেশকাট শাকসবজির ও বিপণন অব্যাহত রাখা।

## সেকশন -১:
## রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১ রূপকল্প:

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য:

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ:

#### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য :

১. কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ :

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ;

### ১.৪ প্রধান কার্যাবলী (Functions):

১. কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ;
২. বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন;
৩. গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান;
৪. কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৫. আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা;
৬. ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
৭. "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান এবং
৮. বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

## সেকশন- ২

কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং অগ্রাধিকার এর আলোকে ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি এর কার্যক্রম কর্মসম্পাদন সুচক এবং লক্ষ্যমত্রা সমূহ।

| কৌশলগত উদ্দেশ্য strategic objectives | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রার-২০১৮-২০১৯ (Target value 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (ক) কৃষি বিপণন অধিদপ্তরের ম্যান্ডেটেড কৌশলগত উদ্দেশ্য (৮০) | | | | | | | | | | | | | | |
| ০১।কৃষি পণের সরবরাহ প্রক্রিয়াজাত করণ ও দক্ষ বিপণনে সহায়তা করা। | ৮০ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ণ বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (১৫) | ১.১.১ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ৫ | - | ১৬ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১০ | - | - |
| | | | ১.১.২ পোষ্টার ও ডাইরী এর মাধ্যমে প্রচারণা | সংখ্যা | ১০ | - | ৪২৮৩০ | ৫৩৩০ | ৫০০০ | ৪৮০০ | ৪৬০০ | ৪৫০০ | - | - |
| | | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (২০) | ১.২.১ প্রদানকৃত কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান | সংখ্যা | ১৫ | - | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | - | - |
| | | | ১.২.২ প্রদানকৃত প্রসেসিং ও প্যাকেজিং যন্ত্রপাতি | সংখ্যা | ০৫ | - | ৫০০০ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | - | - |
| | | ১.৩ উপযুক্ত মুল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান (৩৫) | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক (ফ্রেশকাট) | সংখ্যা | ১০ | - | ১২৯০ | ১৫০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১১০ | - | - |
| | | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক ( ফ্রেশকাট) | সংখ্যা | ০৫ | - | ২৮০ | ২৪০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৭০ | - | - |
| | | | ১.৩.৩ প্রসেসিং ও প্যাকেজিং সুবিধা প্রাপ্ত উদ্যোগী কৃষক | সংখ্যা | ১০ | - | ৩০০ | ১০০ | ৮০ | ৭৫ | ৬০ | ৫০ | - | - |
| | | | ১.৩.৪ আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার | সংখ্যা | ০৫ | - | ২ | ১ | - | - | - | - | - | - |
| | | | ১.৩.৫ মোটিভেশনাল ট্যুরে অংশগ্রহনকারী | সংখ্যা | ০৫ | - | ২৫০ | ১২৫ | ১১০ | ১১০ | ১১০ | - | | |
| | | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরী সহায়তা প্রদান ও এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা। (১০) | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রাপ্ত ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৫ | - | ৫০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | - | - |
| | | | ১.৪.৩ বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৫ | - | ১০০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ (Target Value: 2018-19) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে(Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| (খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭–১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই ২০১৮ | ২৯ জুলাই ২০১৮ | ৩০ জুলাই ২০১৮ | ৩১ জুলাই ২০১৮ | ০১ আগস্ট ২০১৮ |
| | | ২০১৮–১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মুল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি ২০১৯ | ১৬ জানুয়ারি ২০১৯ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মনোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলিং নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(এসআইসি)বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ০৭ জানুয়ারি ২০১৯ | ১৪ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ |
| | | সিটিজেন চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরীবিক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩১ জানুয়ারি ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর দুইমাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিচারএল ও ছুটি নগদায়ন জারী নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান: ২০১৮-১৯ (Target Value: 2018-19) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে(Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডশীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট অপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ফেব্রুয়ারি ২০১৯ | ২৮ মার্চ ২০১৯ | ১৫ এপ্রিল ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | — | — | — |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | % | ৪ | ৩ | - | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১০০ | ৯০ | ৮০ | - | - | - |

আমি, কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

কর্মসূচি পরিচালক
ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি

তারিখ ৩১.০৫.১৮

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ ৩১.০৫.১৮

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১। | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ০২। | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ০৩। | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ০৪। | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ০৫। | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ০৬। | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ০৭। | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ০৮। | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।

| ক্রঃ নং | কর্মসম্পাদন কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ণ বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [১.১.১] প্রকাশিত প্রতিবেদন | কর্মসূচী অফিস কর্তৃক বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা। | কর্মসূচী পরিচালকের কার্যালয় কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা | প্রকাশিত প্রতিবেদন এর সংখ্যা= | - |
| | | [১.১.২] পোষ্টার , ফোল্ডার ও ডাইরী প্রচারণা | কর্মসূচী অফিস কর্তৃক কর্মসূচীর কার্যক্রম বিষয়ে ৫০০০ পোষ্টার ও ৩৩০টি ডাইরীএর মাধ্যমে প্রচারণা। | ,, | প্রচার প্রচারণা সংক্রান্ত পোষ্টার, ফোল্ডার, ডায়রী, এর সংখ্যা | - |
| ০২। | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান | ১.২.১ ১০টি কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান এর মাধ্যমে বাজার উন্নয়ন সহায়তা | গঠিত দলের সদস্যদের ফ্রেশকাট বিপণন সুবিধা অব্যাহত রাখার নিমিত্ত ১০টি কূল চেম্বার সমৃদ্ধ ভ্যান চালু রাখা। | ,, | সংগৃহিত কূল চেম্বার সমৃদ্ধ ভ্যানের সংখ্যা | - |
| | | [১.২.২] চালু রাখা প্রসেসিং ও প্যাকেজিং যন্ত্রপাতির সহায়তা প্রদান। | গঠিত দলের সদস্যদের ফ্রেশকাট বিপণন সুবিধা প্রদানের লক্ষ্যে ২০০ জনকে কর্মসুচির আওতায় সংগৃহিত প্রসেসিং ও প্যাকেজিং যন্ত্রপাতি প্রদান। | ,, | চালুকৃত ভ্যানের সংখ্যা | - |
| | | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক (ফ্রেশকাট) | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গ্রুপভূক্ত ১৫০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান। | ,, | প্রশিক্ষণ গ্রহনকারী কৃষকের সংখ্যা | - |
| ০৩। | ১.৩ উপযুক্ত মুল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | [১.৩.২] বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক ও ব্যবসায়ী (ফ্রেশকাট) | কর্মসূচী অফিস কর্তৃক ২৪০ জন কৃষক ও ব্যবসায়ীকে কৃষককে বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান। | ,, | বাজারের সাথে সংযোগ স্থাপণে সহায়তা প্রাপ্ত কৃষক ও ব্যবসায়ীর সংখ্যা | - |
| | | [১.৩.৩] ফ্রেশকাট সংরক্ষণ সুবিধাপ্রাপ্ত কৃষক | কর্মসূচীর আওতায় গ্রুপভূক্ত ১০০জন কৃষক সদস্যদের নিয়ে মোটিভেশনাল ট্যুর সম্পাদন। | ,, | গ্রুপ ভুক্ত বিপণন সুবিধা প্রাপ্ত কৃষক সংখ্যা | - |
| | | [১.৩.৪] আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার | কর্মসূচী কর্তৃক ১টি জাতীয় সেমিনার আয়োজন করা। | ,, | ওয়ার্কশপ ও সেমিনারের সংখ্যা | - |
| ০৪। | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান ও এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যাবসায় বিনিয়োগ উৎসাহিত করা | [১.৪.১] প্রযুক্তি ও কারিগরী সহায়তা প্রাপ্ত ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী | কর্মসূচী কর্তৃক ফ্রেশকাট শাকসবজি ও ফলমূল বিপণনে ৬০জন উদ্যোক্তা সৃষ্টি। | ,, | সহায়তাপ্রাপ্ত ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী সংখ্যা | - |
| | | [১.৪.২] বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী | কর্মসূচী অফিস কর্তৃক ৭০ জন ফ্রেশকাট প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাকে বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান। | ,, | বাজার সংযোগ প্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা। | - |

## সংযোজনী ৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |